

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ
সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়
সম্পত্তি শাখা
www.rthd.gov.bd


নং-৩৫.০০.০০০০.০২৩.০১.০০৭.১৪-২৮৫

তারিখঃ ২৮ অক্টোবর ২০১৪ খ্রিস্টাব্দ
১৩ কার্তিক ১৪২১ বঙ্গাব্দ

বিষয়ঃ উন্নয়ন কাজ বাস্তবায়ন, মহাসড়কে শৃঙ্খলা বিধান, সড়ক দুর্ঘটনা হ্রাস ও সরকারি সম্পদের সুষ্ঠু সংরক্ষণের স্বার্থে মহাসড়ক অবৈধ দখলমুক্ত করার জন্য বিশেষ অভিযান পরিচালনা প্রসঙ্গে।

উন্নয়ন কাজ বাস্তবায়ন, মহাসড়কে শৃঙ্খলা বিধান, সড়ক দুর্ঘটনা হ্রাস ও সরকারি সম্পদের সুষ্ঠু সংরক্ষণের স্বার্থে মহাসড়কের ভূমি অবৈধ দখলমুক্ত করে সড়ক ও জনপথ অধিদপ্তরের দখলে নেয়ার জন্য দেশের সকল জেলা সড়ক বিভাগের নির্বাহী প্রকৌশলীদের জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে দেশব্যাপী উচ্ছেদ কার্যক্রম গ্রহণ করা প্রয়োজন।

০২. এমতাবস্থায়, দেশব্যাপী মহাসড়কগুলোকে অবৈধ দখলমুক্ত করার জন্য জেলা সড়ক বিভাগসমূহের নির্বাহী প্রকৌশলীদের জেলা প্রশাসনের সাথে সমন্বয় করে আগামী ১০ নভেম্বর, ২০১৪ তারিখ হতে বিশেষ উচ্ছেদ অভিযান পরিচালনা করার নির্দেশনা দেয়ার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।


(মোঃ গোলাম জিলানী)
সহকারী সচিব
ফোনঃ ৯৫৮২২২৭
sasestate@rthd.gov.bd

প্রধান প্রকৌশলী
সড়ক ও জনপথ অধিদপ্তর
সড়ক ভবন, তেজগাঁও, ঢাকা

অনুলিপি (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):

০১. মেয়র, সিটি কর্পোরেশন/পৌরসভা (সকল)
০২. চেয়ারম্যান, বাংলাদেশ সড়ক পরিবহন কর্তৃপক্ষ (বিআরটিএ), এলেনবাড়ী, তেজগাঁও, ঢাকা
০২. বিভাগীয় কমিশনার (সকল)
০৪. জেলা প্রশাসক (সকল)
০৫. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৬. সিস্টেম এনালিস্ট, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ। স্মারকটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধ করা হল।
০৭. সচিবের একান্ত সচিব, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ, সড়ক পরিবহন ও সেতু মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
০৮. যুগ্ম-সচিব (এস্টেট) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, সড়ক পরিবহন ও মহাসড়ক বিভাগ